উপজেলা পরিষদ

দিনাজপুর সদর, দিনাজপুর

# দিনাজপুর সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ফয়সাল রায়হান<br>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর। |
| সভার তারিখ | ঃ | ৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. |
| সভার সময় | ঃ | সকাল ১১ :০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, দিনাজপুর সদর, দিনাজপুর |

**উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলোঃ**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি ০৫ আগস্ট, ২০২৪ খ্রি. তারিখে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে সকল শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত ও আহতদের দ্রুত সুস্থতা কামনা করে অন্তবর্তীকালীন সরকারকে সার্বিক সহযোগিতার জন্য উপস্থিত সকলকে সভার মাধ্যমে অনুরোধ করেন।

## আলোচনা ও গৃহীত সিদ্ধান্তঃ

১। **বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ** উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বিগত মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

**সিদ্ধান্ত ঃ** কার্যবিবরণীর উপর বিশদ আলোচনা হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

২। **বিভাগীয় আলোচনাঃ**

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|
| ২.০১। **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তাছাড়া তিনি ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সদর, দিনাজপুর |
| **আলোচনার বিষয়ঃ** | | |
| ২.০২। **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় সবাইকে স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে উপজেলা পরিষদ ও এলজিইডি'র উন্নয়নমূলক কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা প্রকৌশলী, দিনাজপুর সদর, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৩। **কৃষি বিভাগঃ** সভায় উপস্থিত উপজেলাকৃষি সম্প্রসারণ অফিসার, দিনাজপুর সদর, জানান যে, দিনাজপুর সদর উপজেলার কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়া আমন মৌসুমে কাঙ্ক্ষিত ফসল উৎপাদনের লক্ষ্যে সেচ কার্যক্রম সংযোগ আবেদনকারীদের আবেদনসমূহ নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৪।**মৎস্য বিভাগঃ** সভায় উপস্থিতসহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর বলেন যে, তাঁর ) বিভাগীয় কার্যক্রম যেমন- প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষিদের পানি পরীক্ষা ও প্রযুক্তি পরামর্শ প্রদান করা হয় মাঠ পর্যায়ে সচেতনতা বাড়াতে মৎস্যচাষি ও মৎস্যজীবীদের নিয়ে উঠান বৈঠক, প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য আইন বাস্তবায়নসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৫।**প্রাণিসম্পদ বিভাগঃ**সভায় উপজেলা প্রাণিসম্পদক অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৬।**পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। কোন সমস্যা নাই। তিনি ইউনিয়ন ইউনিয়ন পরিবার পরিকল্পনা অফিসগুলোতে বিদ্যুতের ওয়ারিং কার্যক্রমের বিষয়ে বিগত মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নের বিষয়টি সভায় উপস্থাপন করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর, দিনাজপুর |

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নঃ |
|---|---|---|
| ২.০৭। সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নেই। ২০২৩-২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতাভোগীদের প্রদানকৃত একাউন্টে টাকা প্রদান করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুর |
| ২.০৮।শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার দিনাজপুর সদর জনাব মোঃ শফিকুল ইসলাম জনান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুবাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। সরকারের সিদ্ধান্ত মোতাবেক শুক্র ও শনিবার স্কুল বন্ধ রাখা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.০৯। মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১০। যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। তিনি বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দক্ষ জনশক্তি গড়তে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে দিনাজপুর সদর উপজেলা যুব উন্নয়ন কার্যালয় নিরলস কাজ করে যাচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১১।উপজেলা খাদ্য বিভাগ ঃ সভায় উপস্থিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১২। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃউপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, দিনাজপুর |
| ২.১৩। সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কাজকর্ম ভালোভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১৪। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃসহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর জোন বলেন যে, বিএমডিএ দিনাজপুর জোনের আওতায় বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। নতুন প্রজেক্ট আসলে তা উপজেলা পরিষদকে জানানোর জন্যসহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর জোনকে নির্দেশ প্রদান করা হলো। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সহকারী প্রকৌশলী, বিএমডিএ কে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১৫। উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।কোন অসুবিধা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.১৬। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তরঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সদর, দিনাজপুর। |
| ২.১৭। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর |



CamScanner

| আলোচনার বিষয়ঃ | সিদ্ধান্তঃ | বাস্তবায়নেঃ |
|---|---|---|
| ২.১৮। <u>মহিলা বিষয়ক বিভাগ</u> ঃ সভায় উপস্থিত উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তার দপ্তরের কার্যক্রম সাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। সভায় তাকে নিয়মিত বাল্য বিবাহের রিপোর্ট পাঠানোর জন্য অনুরোধ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক উপস্থাপিত বিষয়গুলো হলো-জীবীকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ, ভিডব্লিউবি কার্যক্রম, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম, কর্মজীবী ল্যাকটিং মাদার সহায়তা তহবিল কার্যক্রম, ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুদান বিতরণ কার্যক্রম নারী নির্যাতন প্রতিরোধ সেল ও বাল্যবিবাহ নিরোধ কার্যক্রম এবং কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর |
| ২.১৯। <u>উপজেলা বন বিভাগ</u>: উপজেলা ফরেস্টার, উত্তর গোবিন্দপুর, সামাজিক বন বিভাগ দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা ফরেস্টারকে অনুরোধ করা হলো। | উপজেলা ফরেস্টার সদর, দিনাজপুর |
| ২.২০। <u>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর</u>:উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পালনের জন্য ইউডিএফ কে অনুরোধ করা হলো। | ইউডিএফ সদর, দিনাজপুর |
| ২.২১। <u>তথ্য আপাঃ</u> উপজেলা তথ্য আপা কর্মকর্তা বলেন যে, আমার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরের সকল কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান, উদ্যোক্তা তৈরি ইত্যাদি কার্যক্রম চালু আছে। দিনাজপুর সদর তথ্য কেন্দ্রে মোট সেবা গ্রহীতর সংখ্যা- ২৫,৩৯৫। এছাড়া নিয়মিতভাবে উঠান বৈঠকসহ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। যা জনগণের স্বাস্থ্য, কৃষি, শিক্ষাসহ বিভিন্নভাবে উন্নয়ন সাধিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা তথ্য আপাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর |
| ২.২৩। <u>ইউপি চেয়ারম্যানবৃন্দের আলোচনাঃ</u> অদ্য জুলাই/২০২৪ মাসের সাধারণ সভায় উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত চেয়ারম্যানগণকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলতি অর্থবছরে নির্দিষ্ট সময়ে প্রকল্প গ্রহণপূর্বক সঠিক মনিটরিং এর মাধ্যমে সঠিক সময়ে বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এখন থেকে গৃহীত সকল প্রকল্প টেকসই, জনমুখী ও কল্যাণমুখী জনস্বার্থে বাস্তবায়ন ও মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেণ। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো | ইউপি চেয়ারম্যান (সকল) দিনাজপুর সদর, দিনাজপুর |

## ৩। <u>বিবিধ আলোচনাঃ</u>

<table>
<tr>
<td>৩.১। অফিস সহকারী জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর আলোকে আগস্ট/২০২৪ মাসে নিম্নবর্ণিত খাতে ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয়সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th colspan="3">রাজস্ব তহবিল ব্যয় সমূহ ঃ</th></tr>
<tr><th colspan="3">মাসের নামঃ- আগস্ট/২০২৪</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা পরিষদের নিরাপত্তাকল্পে নিয়োজিত আনসার সদস্যগণের বিল পরিশোধ</td><td>৩০,৩৬০/-</td></tr>
<tr><td>২.</td><td>জনাব মোঃ আজিজুল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর আগস্ট/২০২৪ মাসের বেতন ভাতা বিল</td><td>১৭,০৫০/-</td></tr>
<tr><td>৩.</td><td>আগস্ট/২০২৪ মাসে উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল (ভ্যাট ও আয়করসহ) (৩০,০০০+৫,০০০)</td><td>৩৫,০০০/-</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা ক্রয় বিল পরিশোধ</td><td>২৪,৮০০/-</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা ক্রয় বিল পরিশোধ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>৬.</td><td>বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহত জনাব মোঃ আব্দুর রশিদের সুচিকিৎসার জন্য অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>৭.</td><td>দিনাজপুর জেলাধীন সদর উপজেলা পরিষদের বাসা-বাড়ি মেরামত খাত হতে চেয়ারম্যান কোয়াটারে ০২ টি কমোড ক্রয় ও স্থাপনের বিল পরিশোধ</td><td>২৫,০০০/-</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ সদর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>৩.২। বিবিধ আলোচনা (১): উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের ইডিসি প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের ৪র্থ তলা ভবন নির্মানের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ঠিকাদার নির্বাচিত করে কাজটি শুরু করলে ভবনের চিলেকোঠার অব্যবহৃত কিছু রড এবং Parapet ওয়াল এর অব্যবহৃত কিছু ইট পাওয়া যায়। এমতাবস্থায়, প্রাপ্ত মালামালসমূহের মূল্যায়ন কমিটির মাধ্যমে বাজার দর নির্ধারণ করা হয়। উক্ত রড ও ইটসমূহের বিষয়ে উপজেলা কমডেমনেশন কমিটির সভা আহ্বানের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br><u>সিদ্ধান্ত</u>: উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের ৪র্থ তলা ভবন নির্মানের জন্য ভেঙ্গে ফেলা ভবনের চিলেকোঠার অব্যবহৃত কিছু রড এবং Parapet ওয়াল এর অব্যবহৃত ইটসমূহের বিষয়ে উপজেলা কমডেমনেশন কমিটির সভা জরুরী ভিত্তিতে আহ্বানের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপনের জন্য প্রেরণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর সদর, দিনাজপুর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের ৪র্থ তলা ভবন নির্মানের জন্য ভেঙ্গে ফেলা ভবনের চিলেকোঠার অব্যবহৃত কিছু রড এবং Parapet ওয়াল এর অব্যবহৃত ইটসমূহের বিষয়ে উপজেলা কমডেমনেশন কমিটির সভা জরুরী ভিত্তিতে আহ্বানের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপনের জন্য প্রেরণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর সদর, দিনাজপুর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক দিনাজপুর সদর, দিনাজপুর ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর সদর, দিনাজপুর</td>
</tr>
</table>

Rustam PC/Regulation



CamScanner

| | | |
|---|---|---|
| (২) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় বলেন যে, দিনাজপুর জেলাধীন সদর উপজেলার উপর দিয়ে গত ২৯ মে, ২০২৪ খ্রি. তারিখে আকস্মিক ভাবে প্রবল বেগে ঘূর্ণিঝড় অতিবাহিত হওয়ার ফলে উপজেলার অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন প্রজাতির গাছপালার ডালপালা ভেঙ্গে পড়ে। ভেঙ্গে পড়া ডালপালাসমূহ নষ্ট হওয়ার পূর্বে সরকারি বিধি মোতাবেক নিলামের জন্য ইতোমধ্যে বনবিভাগ, দিনাজপুর কর্তৃক গাছের মূল্যমান তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত তালিকা মূল্যমান অনুযায়ী নিলাম কার্যক্রম বাস্তবায়নের জন্য সূত্রোক্ত স্মারকের আলোকে গত ২৩/০৯/২০২৪ খ্রি. তারিখে উপজেলা নিলাম কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা সমন্বয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিধি অনুযায়ী উন্মুক্ত ডাকের মাধ্যমে নিলাম করা যেতে পারে মর্মে সভায় উপস্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br>**সিদ্ধান্ত:** দিনাজপুর জেলাধীন সদর উপজেলার অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন প্রজাতির গাছপালার ভেঙ্গে পড়া ডালপালাসমূহ নিলামের অনুমোদনের লক্ষ্যে জেলা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | দিনাজপুর জেলাধীন সদর উপজেলার অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন প্রজাতির গাছপালার ভেঙ্গে পড়া ডালপালাসমূহ নিলামের অনুমোদনের লক্ষ্যে জেলা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক দিনাজপুর সদর, দিনাজপুর |
| ৩.৩। **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার প্রসঙ্গ:**<br><br>(ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার করা যেতে পারে। অদ্যকার সভায় অনুমোদিত হলে বর্ণিত কাজে বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিতদের দৈনিক হাজিরা হিসেবে মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় করা যেতে পারে।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, বর্তমান সময়ে মশার উপদ্রব প্রকট আকারে বৃদ্ধি পেয়েছে। উপদ্রব রোধে ফোগার মেশিন দিয়ে একত্রে করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এ বিষয়ে যে নির্দাশনা রয়েছে তা অনুযায়ী বরাদ্দ প্রদান করা যেতে পারে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এ সে আলোকে ১০,০০০/- টাকা করে ১০টি ইউনিয়নের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যেতে পারে। | বিস্তারিত আলোচনান্তে 'ক' 'খ' উপ-অনুচ্ছেদে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ সদর, দিনাজপুর |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৯/২৪

(ফয়সাল রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
দিনাজপুর সদর, দিনাজপুর
☎ : +৮৮০২৫৮৯৯২৫১২২(অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd



Rustom PC/Regulation

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং: ০৫.৫৫.২৭৬৪.০০০.০৬.০০১.২০২৪- ১৬১২ (৫)

তারিখ: ১৫ আশ্বিন, ১৪৩১
৩০ সেপ্টেম্বর, ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে

(১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
(৩) জেলা প্রশাসক, দিনাজপুর।
(৪) উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
(৫) উপজেলা ........................................ কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
(৬) চেয়ারম্যান, ........নং ................. ইউ.পি (সকল), দিনাজপুর সদর,দিনাজপুর।
(৭) অফিস কপি।

(ফয়সাল রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর
☎ : +৮৮০২৫৮৯৯২৫১২২(অ:)
e-mail: unodinajpur@mopa.gov.bd